



BANGLADESH GARMENT MANUFACTURER & EXPORTERS ASSOCIATION (BGMEA)

"Made in Bangladesh with Pride"

BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector # 17, Uttara, Dhaka-1230, Hot Line : 096380123
E-mail : info@bgmea.com.bd, Web : www.bgmea.com.bd

Ref: বিজ্ঞপ্তি নংঃ বিজিএ/কাস/২০২১/১৮০

তাং ২৮/১০/২০২১ইং

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ বিজিএমইএ কর্তৃক অন-লাইনে Certificate of Origin জারীকরণ প্রসঙ্গে।

আপনারা অবগত আছেন যে, বিজিএমইএ সদস্য প্রতিষ্ঠান সমূহের অনুকূলে বিভিন্ন ধরনের সেবা প্রদান করে থাকে। তারই অংশ হিসেবে বাণিজ্য মন্ত্রণালয়ের আদেশক্রমে ১২.০৪.২০১০ তারিখ থেকে বিজিএমইএ Certificate of Origin জারী করে আসছে এবং গত ০৯.০৩.২০১৩ তারিখ হতে অন-লাইনে Certificate of Origin ইস্যু করা হচ্ছে।

বর্তমান বোর্ডের নির্দেশক্রমে এই ডিজিটাল যাত্রাকে আরো গতিশীল, অধিকতর সুযোগ সুবিধা সমৃদ্ধ এবং সবচেয়ে কমরেটে সার্ভিস চার্জ যুক্ত করে সকল সম্মানিত সদস্যদের ব্যবহার করার লক্ষ্যে "Supreme Softech Services" CoO সফটওয়্যারটি আপডেট করেছে।

নতুন এই Software টিতে নিম্নে বর্ণিত সুযোগ সুবিধা বিদ্যমান আছেঃ-

- ক) অন-লাইনে তথ্য পূরণঃ www.coobd.org-তে লগ-অন এর মাধ্যমে প্রয়োজনীয় তথ্যাবলী পূরণ করে Submit করলে বিজিএমইএ সার্ভারে সংগৃহীত হবে এবং তা যাচাই-বাছাই করে বিজিএমইএ হতে ইস্যু করা হবে। এই প্রক্রিয়া খুবই সহজ এবং সময় সাশ্রয়ী।
- খ) সবচেয়ে কম সার্ভিস চার্জে সেবাঃ নতুন সার্ভিস চার্জ ৮৫/- টাকা যা পূর্বে ১২৫/- টাকা ছিল। এই সেবা অন-লাইনে শুধুমাত্র বিজিএমইএ হতে দেয়া হচ্ছে।
- গ) **Importer/Buyer-দের কাছে CoO ইস্যুর গ্রহণ যোগ্যতাঃ** বিজিএমইএ হতে জারীকৃত CoO এর Verification System, Application & Certification Viewing System & Certificate Printing System ইত্যাদি এর কারণে Importers/Buyer-দের কাছে স্বচ্ছতা আসবে।
- ঘ) **যে কোন MIS Report:** যেহেতু তথ্যগুলো CoO Database এ সংগৃহীত থাকবে সেহেতু প্রয়োজনে যে কোন Report তৈরী করা সম্ভব।
- ঙ) যারা পূর্ব থেকে অন-লাইনে Certificate of Origin করে আসছেন তাদের আগের Password এর মাধ্যমে লগ-অন করা যাবে এবং নতুন User গণ User ID and Password বিজিএমইএ হতে সংগ্রহ করতে পারবেন।

এমতাবস্থায়, বিজিএমইএ'র সকল সদস্যবৃন্দকে সাশ্রয়ী অর্থে এবং দ্রুততম সময়ে প্রদেয় সার্ভিসটি গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব